

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৩৯৭

৩৯/ সালাম (کتاب السلام)

পরিচ্ছেদঃ ৩৯/৩. একজন মুসলিমের উপর অন্য মুসলিমের হক হচ্ছে সালামের উত্তর দেয়া।

من حق المسلم للمسلم رد السلام

আরবী

حديث أبي هُرَيْرَةَ رضي الله عنه، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ خَمْسٌ: رَدُّ السَّلَامِ، وَعِيَادَةُ الْمَرِيضِ، وَاتِّبَاعُ الْجَنَائِزِ، وَإِجَابَةُ الدَّعْوَةِ، وَتَشْمِيتُ الْعَاطِسِ

বাংলা

১৩৯৭. আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমি বলতে শুনেছি যে, এক মুসলিমের প্রতি অপর মুসলিমের হক্ক পাঁচটিঃ ১. সালামের জওয়াব দেয়া, ২. অসুস্থ ব্যক্তির খোঁজ-খবর নেয়া, ৩. জানাযার পশ্চাদানুসরণ করা, ৪. দাওয়াত কবূল করা এবং ৫. হাঁচিদাতাকে খুশী করা (আলহামদু লিল্লাহর জবাবে ইয়ারহামুকাল্লাহ বলা)।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৩ ; জানাযা, অধ্যায় ২, হাঃ ১২৪০; মুসলিম, পর্ব ৩৯ : সালাম, অধ্যায় ৩, হাঃ ২১৬২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন